পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

(পদক্ষেপ এর একটি মাসিক ‘ই’ সাময়িকী)

# ই নিউজ

বর্ষ: ১১ | সংখ্যা: ১১২

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে

জুন ২০২২








## ২০২২-২০২৩ অর্থ বছরের পরিকল্পনা ও বাজেট চূড়ান্তকরণ শীর্ষক কর্মশালা

গত ১৬ জুন ২০২২ তারিখে পদক্ষেপ এর ২০২২-২০২৩ অর্থ বছরের পরিকল্পনা ও বাজেট চূড়ান্তকরণ শীর্ষক কর্মশালা ঢাকার কুর্মিটোলায় আর্মি গলফ ক্লাবের পাম ভিউ রেষ্টুরেন্টে অনুষ্ঠিত হয়। পূর্ব নির্ধারিত বিষয়ভিত্তিক উপস্থাপনার উপর গ্রুপ ওয়ার্ক করার জন্য কর্মশালার শুরুতে লটারির মাধ্যমে অংশগ্রহণকারী কর্মকর্তাদেরকে ৬টি দলে বিভক্ত করা হয়। কর্মশালার শুরুতেই সকলকে শুভেচ্ছা জানিয়ে সংস্থার নির্বাহী পরিচালক জনাব মো: সালেহ বিন সামস বলেন, বিষয়ভিত্তিক দলীয় আলোচনা শেষ হবার পর দলীয় উপস্থাপনায় আগামীতে কিভাবে আরো কার্যকরভাবে সংস্থার কার্যক্রম বাস্তবায়ন করা যায় তার জন্য দলভিত্তিক পর্যবেক্ষণ, সমস্যা ও তার সমাধানের সুপারিশ/মতামতগুলো পোস্টার/ভিপকার্ড এর মাধ্যমে উপস্থাপন করতে হবে। তিনি সকল অংশগ্রহণকারীকে আবশ্যিকভাবে দলীয় কাজে স্বত:স্ফূর্ত অংশগ্রহণ করার আহবান জানান এবং দলভিত্তিক কাজ মূল বিষয়ের মধ্যেই সীমাবদ্ধ রাখার নির্দেশ দেন।

কর্মশালায় মাইক্রোফাইন্যান্স, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং এর ২০২২-২০২৩ অর্থ বছরের পরিকল্পনার উপর কার্যপত্র উপস্থাপন করা হয়। উপস্থাপনায় কার্যক্রম বাস্তবায়নে আয়-ব্যয় ও চলমান কার্যক্রমের বাজেট ও অর্জনসমূহ তুলে ধরা হয়। পরে সংশ্লিষ্ট উপস্থাপনার বিভিন্ন পরিকল্পনা বাস্তবায়নে পরিকল্পনাগত ঝুঁকি বিশ্লেষণ ও কর্মকৌশল নির্ধারণের আলোকে দলীয়ভাবে বিভিন্ন সুপারিশ উপস্থাপন করা হয়।

কর্মশালায় পরিচালক জনাব মুহম্মদ রিসালাত সিদ্দীক অটোমেশন বাস্তবায়ন এবং সংস্থাকে দেশীয় ও আন্তর্জাতিকভাবে ব্রান্ডিং করার লক্ষ্যে সংস্থার নতুন মূল্যবোধসমূহকে গুরুত্ব সহকারে ধারণ ও প্রচার করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। দিনব্যাপী কর্মশালার সমাপনী বক্তব্যে পরিচালক মহোদয় বলেন, আমরা সবাই পদক্ষেপ এর উন্নয়ন কর্মী। সবাই এক। আলাদাভাবে পরিচয় দেয়ার কোন প্রয়োজন নেই। নিজেদের প্রতিষ্ঠান সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকতে হবে যাতে প্রতিষ্ঠান কোন দিকে এগিয়ে যাচ্ছে তা বুঝা যায়। আমরা বিভিন্ন উন্নয়নমূলক কাজ করছি, উপকারভোগীদের বিভিন্ন আর্থিক সুবিধা দিচ্ছি, তাদের বাজার তৈরী করছি। এভাবে একই কাজ অন্যান্য প্রতিষ্ঠান কিভাবে করে তা লক্ষ্য করতে হবে এবং আরও নতুন কি কি উন্নয়নমূলক কাজ করা যায় তা নিয়ে ভাবতে হবে। শুধুমাত্র মাইক্রোফাইন্যান্স কর্মসূচির মধ্যে সীমাবদ্ধ না থেকে অন্য যে কোন ডেভলেপমেন্ট সেক্টর নিয়ে আমাদের ভাবতে হবে এবং তা বাস্তবায়ন করার উপর মতামত প্রদান করতে হবে। আমাদের পোর্টফোলিও ডাইভারসিফাই করতেই হবে। গতানুগতিক চিন্তা বাদ দিয়ে নতুন আঙ্গিকে কার্যক্রমে ইনোভেশন আনতে হবে। স্টাফদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের উপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। সবশেষে তিনি ঋণ ব্যবস্থাপনা ও সদস্য এবং সঞ্চয়ের হার বিশ্লেষণ করে দেখার কথা বলেন। সেইসাথে বাজেট বহির্ভূত কোন ধরণের খরচ আগামীতে গ্রহণযোগ্য হবেনা জানিয়ে তিনি বলেন ওটিআর ৯৯.২৫% ও সিআরআর ৯৯.৫৫% এবং পার ৩.০% এর নীচে নামিয়ে আনতে বিশেষভাবে গুরুত্ব দিতে বলেন। পাশাপাশি ইন্ড রেট বাড়িয়ে ২১% এ উন্নীত করতে এবং বকেয়া স্থিতি কমাতে বলেন। সবশেষে তিনি কর্মশালায় সক্রিয়ভাবে অংশগ্রহণ ও কর্মশালা সফল করার জন্য সবাইকে ধন্যবাদ জানান। ভবিষ্যতের উন্নয়ন অগ্রযাত্রায় সকলে কার্যকর ভূমিকা রাখবেন এবং সততা, দক্ষতা ও আন্তরিকতার সাথে কাজ করবেন এই প্রত্যাশা রেখে বক্তব্য শেষ করেন এবং দিনব্যাপী কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

কর্মশালায় সংস্থার অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মানব সম্পদ ও প্রশাসন বিভাগের উপপরিচালক জনাব মো: সাইয়েদুল ইসলাম, অর্থ ও হিসাব বিভাগের উপপরিচালক জনাব মো: সামছুজ্জামান, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের উপপরিচালক জনাব মুহাম্মদ সরওয়ার মৃধা, প্রোগ্রাম উইং এর উপ পরিচালক জনাব মো: মনিরুজ্জামান সিদ্দিক, লীপ কর্মসূচির উপ পরিচালক জনাব মোহাম্মদ রাকিবুল হাসান, সিনিয়র সহকারী পরিচালক, সহকারী পরিচালকসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ।

## জাতীয় স্বাস্থ্য ও কল্যাণ দিবসে পদক্ষেপ এর অংশগ্রহণ



গত ১ জুন ২০২২ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর তত্ত্বাবধানে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্বাস্থ্য ও কল্যাণ দিবস ২০২২ উপলক্ষ্যে এক বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিতে স্বাস্থ্য বিষয়ক প্রকল্প নিয়ে কাজ করে এমন প্রায় সকল জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলো অংশগ্রহণ করে। পদক্ষেপ কর্তৃক পরিচালিত এসটিআই/এইচআইভি প্রকল্পের প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ এসএইচ-এসএফ এর কর্মীবৃন্দ এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠিরা র‍্যালীতে অংশগ্রহণ করে।

# দেশের উত্তর-পূর্বাঞ্চলে বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারসমূহের মাঝে পদক্ষেপ এর ত্রাণ সহায়তা



সাম্প্রতিক সময়ে স্মরণকালের ভয়াবহ বন্যার শিকার হয় দেশের উত্তর-পূর্বাঞ্চল। এবারের বন্যায় সিলেট ও সুনামগঞ্জের অধিকাংশ অঞ্চল পানিতে ডুবে যায়। এছাড়া বন্যার কারণে মৌলভীবাজার, নেত্রকোণা, কিশোরগঞ্জ ও হবিগঞ্জ অঞ্চলের মানুষও দুর্বিসহ জীবন যাপন করে। আশ্রয়কেন্দ্রে খাবারসহ বিশুদ্ধ পানির অভাব, এমনকি শিশুদের খাবারের তীব্র সংকট সৃষ্টি হয়। সম্প্রতি সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, নেত্রকোণা, কিশোরগঞ্জ, হবিগঞ্জ ও কুড়িগ্রাম জেলার বিভিন্ন স্থানে বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারসমূহের মাঝে জরুরী ত্রাণ সহায়তা প্রদান করেছে পদক্ষেপ।



বন্যা কবলিত অঞ্চলগুলোতে মানবিক সহায়তা পৌঁছে দেয়ার এই কার্যক্রমে সহযোগিতা করেছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)। সংস্থার ব্রাহ্মণবাড়ীয়া জোনের আওতাধীন সিলেট ও সুনামগঞ্জ এরিয়ার ব্রাঞ্চসমূহ, ময়মনসিংহ জোনের নেত্রকোনা সদর ও রৌমারী ব্রাঞ্চ এবং হিজল (হাওর) প্রোগ্রামের আওতায় সিবিওসমূহের মাধ্যমে অর্থাৎ ৯টি ব্রাঞ্চ ও ১৯টি সিবিও এর আওতায় ৪৫১টি গ্রাম/ওয়ার্ড, ৬৯টি ইউনিয়ন/পৌরসভা, ২১টি থানা/উপজেলা এবং ৮টি জেলায় ৬ হাজারের অধিক পরিবারের মাঝে জরুরী পণ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। প্রাথমিকভাবে খাদ্য ও জরুরী ঔষধ সহায়তা প্রদান করলেও দীর্ঘমেয়াদে ক্ষতিগ্রস্থ পরিবারসমূহের পুনর্বাসন, আয়ের উৎস তৈরিতে সহায়তা, কৃষি, গবাদিপশু পালন ও ক্ষুদ্র শিল্পের উন্নয়নে অগ্রাধিকার ভিত্তিতে কাজ করবে পদক্ষেপ। ক্ষতিগ্রস্থ পরিবারগুলোর মাঝে সুষ্ঠুভাবে ত্রাণ সহায়তা বিতরণ কার্যক্রমে উপস্থিত ছিলেন সংশ্লিষ্ট এলাকাসমূহের স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, শিক্ষক, পদক্ষেপ এর সংশ্লিষ্ট জোন, এরিয়া, ব্রাঞ্চ ও প্রজেক্টের সকল পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

# পদক্ষেপ এর লীপ প্রোগ্রাম এবং ফেয়ার ইলেক্ট্রনিকসের মধ্যে চুক্তি স্বাক্ষর



গত ৯ জুন ২০২২ তারিখে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের কনফারেন্স কক্ষে ফেয়ার ইলেকট্রনিক্স লিমিটেড (স্যামসাং পণ্যের বাংলাদেশের একমাত্র প্রস্তুতকারী সহযোগী প্রতিষ্ঠান) এর সাথে পদক্ষেপ এর লাইফ এনহান্সম্যান্ট অ্যাসিস্ট্যান্স প্রোগ্রাম (লীপ) প্রোগ্রামের ১টি দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। এই চুক্তির মধ্য দিয়ে পদক্ষেপ এর লীপ কার্যক্রমে যুক্ত হলো এক নতুন মাত্রা। বর্তমান সময়ে অর্থাৎ জুন ২০২২ মাস থেকে পদক্ষেপ এর লীপ প্রোগ্রামের আওতায় সামসাং এর পণ্য বিক্রয় ও সরবরাহ কার্যক্রম পরিচালনা শুরু হলো। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর নির্বাহী পরিচালক জনাব মোঃ সালেহ বিন সামস, মাইক্রোফাইন্যান্স উইং এর পরিচালক জনাব মুহম্মদ রিসালাত সিদ্দীক'সহ প্রধান কার্যালয়ের অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। এছাড়া ফেয়ার ইলেকটনিক্সের পক্ষে ফেয়ার গ্রুপের প্রধান মার্কেটিং কর্মকর্তা মোহাম্মদ মেসবাহ উদ্দিন আহমেদ, হেড অফ বি২বি জনাব মোহাম্মদ ইফতেখার হোসেন, অপারেশন ম্যানেজার জনাব মোঃ জিয়াউর রহমান'সহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

# রংপুর ও ঢাকায় নিরাপদ খাদ্য, স্বাস্থ্যবিধি এবং পরিবেশ বিষয়ে সচেতনতামূলক কমিউনিটি সভা



পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও বিশ্ব ব্যাংক এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় গত ১৪ জুন রংপুরে এবং ২৮ জুন ২০২২ তারিখে ঢাকায় নিরাপদ খাদ্য, স্বাস্থ্যবিধি এবং পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য কমিউনিটি সভার আয়োজন করা হয়। সভায় নিরাপদ পথ খাবার নিশ্চিত করণের লক্ষ্যে বক্তারা বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। রংপুরের সভায় একটি নির্দিষ্ট স্থানে একটি স্ট্রিট ফুড মার্কেট স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়। রংপুরে উপস্থিত ছিলেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়, মনিটরিং এ্যান্ড ডকুমেন্টেশন অফিসার মোঃ মোস্তাফিজার রহমান। ঢাকার মোহাম্মদপুরে ক্ষুদ্র উদ্যোক্তাদের সাথে খাদ্যদ্রব্য উৎপাদন, মোড়কীকরণ, সংরক্ষণ, ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি হ্রাসকরণ ও পরিবেশগত সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন ধরনের পরার্মশ প্রদান করেন প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দিকা। উক্ত সভায় আরো উপস্থিত ছিলেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার এবং পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর।

# পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের আওতায় ব্যবসায়িক সনদ বিষয়ক কর্মশালা



ব্যবসার প্রথম এবং অবিচ্ছেদ্য অংশ হচ্ছে ট্রেড লাইসেন্স। তবে সকল ব্যবসা দেশের প্রচলিত আইন দ্বারা স্বীকৃত ও বৈধ হতে হয়। ব্যবসার আইনগত বৈধ্যতা পাওয়ার জন্য ব্যবসায়িক সনদ বা ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্র সরকারি প্রতিষ্ঠান হতে ইস্যু করা হয়। আমাদের দেশে এমন অনেক ব্যবসায়ী আছেন যারা ট্রেড লাইসেন্স ছাড়াই ব্যবসা করছেন যা সম্পূর্ণ অবৈধ এবং বেআইনী। আবার অনেকেই ব্যবসার আইনগত দিক না বুঝেই ব্যবসা শুরু করেন। ব্যবসার বিভিন্ন বিষয়ের উপর গত ১৩ এপ্রিল ২০২২ তারিখে রংপুর সদরে ব্যবসায়িক সনদ ট্রেড লাইসেন্স, টিন সার্টিফিকেট ও পরিবেশগত ছাড়পত্রের প্রয়োজনীয়তা এবং এর গুরুত্ব বিষয়ক এক কর্মশালার আয়োজন করা হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্পের আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় অংশগ্রহণকারীদের সুচিন্তিত মতামত প্রদান ও প্রাণবন্ত আলোচনার মাধ্যমে কর্মশালাটি অত্যন্ত ফলপ্রসু হয়ে ওঠে। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্ত্বারোপ করে কর্মশালাটি শেষ করা হয়।

# পণ্যের ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভা



ক্ষুদ্র উদ্যোক্তাদেরকে পণ্যের ছাড়পত্র ও পণ্যের ছাড়পত্র পাওয়ার পদ্ধতি সম্পর্কে জানানোর জন্য গত ২২ জুন ২০২২ তারিখে "Advocacy meeting with the concern authorities for ensuring product certification" শিরোনামে দিনব্যাপী একটি সভা অনুষ্ঠিত হয়। রংপুর জেলা স্কাউটস হলরুমে সভাটির আয়োজন করা হয়। সভায় রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যেক্তারা অংশগ্রহণ করেন। সাসটেইনেবল এন্টারপ্রাইজ (এসইপি) প্রকল্প এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পটি বিশ্ব ব্যংক ও পিকেএসএফএর সহায়তায় পদক্ষেপ বাস্তবায়ন করছে। সেমিনারের সূচনা বক্তব্যে সকল অংশগ্রহনকারীদেরকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে প্রকল্পের উদ্দেশ্য এবং প্রকল্পের কার্যক্রম নিয়ে আলোচনা করেন প্রকল্পের এনভায়রণমেন্ট অফিসার মৌসুমী কর।

সভাটি পরিচালনা ও প্রেজেন্টেশনের মাধ্যমে সেশনভিত্তিক আলোচনা করেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। তিনি বিজনেজ সনদপত্র কি, সনদপত্র কেন প্রয়োজন, কোন কোন ব্যবসার জন্য প্রোডাক্ট সার্টিফিকেশন নিতে হয়, প্রোডাক্ট সার্টিফিকেশন কি কাজে লাগে, প্রোডাক্ট সার্টিফিকেশন করতে কি কি লাগে, প্রোডাক্ট সার্টিফিকেশন করতে খরচ কত, একটি প্রোডাক্ট সার্টিফিকেশন এর মেয়াদ কতদিন ও মেয়াদ শেষ হলে কি করতে হবে এবং প্রোডাক্ট সার্টিফিকেশন কিভাবে ও কোথায় নবায়ন করতে হয়, টিন সার্টিফিকেট কি, পণ্যের সার্টিফিকেশন পাওয়ার জন্য হোটেল রেস্তোরাঁর বাধ্যতামূলক কাজ, বিএসটিআই সাইন এবং বিএসটিআই নিয়ম ও প্রবিধান সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া এইচএসিসিপি সার্টিফিকেট, হালাল সার্টিফিকেট এবং আইএসও ২২০০০ সার্টিফিকেট (খাদ্য নিরাপত্তা ব্যবস্থাপনা সিস্টেম) ইত্যাদি বিষয়েও তিনি আলোচনা করেন। এতে সার্বিক সহযোগিতায় ছিলেন ডকুমেন্টেশন ও মনিটরিং অফিসার মো: মোস্তাফিজার রহমান।

# পরিবেশগত ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভা



ব্যবসার ক্ষেত্রে পরিবেশগত ছাড়পত্রের নীতিমালার বিষয়বস্তু নিয়ে ''পরিবেশগত ছাড়পত্রের জন্য অ্যাডভোকেসি সভা" শিরোনামে দিনব্যাপী একটি সভা অনুষ্ঠিত হয়। সভাটি গত ২১ জুন ২০২২ তারিখে রংপুরে হোটেল ওয়েস্টার্ন কুইজিনে অনুষ্ঠিত হয়। সভাতে রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যেক্তারা স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণ করেন। সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পটি বিশ্ব ব্যংক ও পিকেএসএফএর সহায়তায় পদক্ষেপ বাস্তবায়ন করছে। প্রকল্পের টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায় তার সূচনা বক্তব্যে সকলকে ধন্যবাদ জানান এবং সংস্থা ও প্রকল্পের সংক্ষিপ্ত পরিচিত, লক্ষ্য ও উদ্দেশ্য এবং কার্যক্রম সম্পর্কে বর্ননা দেন।

পরিবেশগত ছাড়পত্র সম্পর্কে বিস্তারিত আলোচনায় প্রকল্পের এনভায়রেনমেন্ট অফিসার মৌসুমী কর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে পরিবেশগত ছাড়পত্রের গুরত্ব এবং কিভাবে এই ছাড়পত্র পাওয়া যাবে তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে খাদ্য নিরাপদ রাখার ৫টি উপায় এবং স্ট্রিট ফুড প্রস্তুত ও নিরাপদ খাবার গ্রহণের বিধিনিষেধ বিষয়ে ভিডিও চিত্র প্রদর্শন ও আলোচনা করা হয়। অনুষ্ঠানটির সার্বিক সহযোগিতায় ছিলেন প্রকল্পের ডকুমেন্টেশন ও মনিটরিং অফিসার মোস্তাফিজার রহমান।

# পরিবেশ ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ




গত ১১ ও ১৪ জুন ২০২২ তারিখে দিনাজপুর সদর উপজেলায় পরিবেশ ব্যবস্থাপনা বিষয়ক ২টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্প প্রশিক্ষণ ২টির আয়োজন করে। প্রশিক্ষণে পদক্ষেপ এর অংশীদারী সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে পরিবেশ বিষয়ক এবং প্রকল্প সম্পর্কে বিস্তারিত আলোচনার মাধ্যমে জ্ঞানের প্রসার ঘটানো হয়। প্রশিক্ষণে পরিবেশগত অনুশীলনের ধারণা ছড়িয়ে দেওয়া, পরিবেশ দূষন এবং নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়। প্রশিক্ষণে প্রতিষ্ঠানের পরিচয়, প্রকল্পের পটভূমি, প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করা হয়। কর্মস্থলে পরিবেশের ঝুঁকি ও প্রতিকার, শারীরিক ঝুঁকি, কর্মস্থলে সম্ভাব্য দুর্ঘটনা ও বিপদ এবং কাজের সময় কি কি এড়িয়ে চলতে হবে, টয়লেট সুবিধা, কর্মক্ষেত্রে আলোর ব্যবস্থা, পরিবেশ আইনের উপস্থিতি এবং প্রকল্পের সার্বিক ব্যবস্থাপনা বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন পরিচালনা করেন পরিবেশ কর্মকতা আলিফা তাজমিন। প্রশিক্ষণে টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্রময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন বক্তারা। প্রশিক্ষণ ২টিতে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দিনাজপুর জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার জনাব ফকরুল আহমেদ, সিনিয়ার ব্যবস্থাপক ও এরিয়া ম্যানেজার জনাব শফিকুল ইসলাম, ব্রাঞ্চ ম্যানেজার জনাব মোঃ নূর নবী সরকার, প্রজেক্ট ম্যানেজার জনাব মোঃ ইরফানুল বারী, মার্কেটিং অফিসার মাকসুদুর রহমান এবং প্রজেক্ট ও ব্রাঞ্চ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

# ইসিসিসিপি-ফ্লাড প্রকল্পের কার্যক্রম



পদক্ষেপ এর এক্সটেন্ডেড কমিউনিটি ক্লাইমেট চেঞ্জ (ইসিসিসিপি-ফ্লাড) প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার রৌমারীতে গ্রামীণ চর এলাকার দরিদ্র ও হতদরিদ্র জনগোষ্ঠীর বসতভিটা উঁচুকরণ, বন্যামুক্ত নলকূপ ও স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন স্থাপন, মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, চর এলাকায় উচ্চমূল্যের কৃষি প্রযুক্তি সম্প্রসারণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন করছে। গ্রীন ক্লাইমেট ফাণ্ড কর্তৃক অর্থায়নকৃত ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ উক্ত প্রকল্পের আওতায় জুন ২০২২ মাসে ৫৩০টি বসত



ভিটায় মাটি ভরাট করে উঁচুকরণের কাজ সম্পন্ন করেছে। এছাড়া ১৩৭টি স্যানিটারী ল্যাট্রিন ও ২৩টি নলকূপ স্থাপন করা হয়েছে । ১১৫২ জন উপকারভোগীকে কৃষি বিষয়ক প্রশিক্ষণ ও ৫০১ জনকে মাঁচা পদ্ধতিতে ছাগল পালন এবং ২৬৪ জনকে গম চাষে আধুনিক কলাকৌশল বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সেইসাথে ৫০১টি ছাগলের মাঁচা প্রদান, ২৬৪ জনকে বারিগম ও সার এবং ১১৫২ জনকে ব্রি-৫১ ও ব্রি-৫২ ধানের বীজ প্রদান করা হয়েছে। পাশাপাশি ১২০২টি সাপ্তাহিক সভা পরিচালনা করা হয়। এসব সভায় সুবিধাভোগীদের সাথে মতবিনিময় এবং কি উপায়ে সহজে সকলে মিলে একসাথে কাজ করা ও ঘরবাড়ির যত্ন নেয়া যায় এবং ভরাট করা বসতবাড়ি সংরক্ষণের উপায় সম্পর্কে খোলামেলা আলোচনা ও পরামর্শ প্রদান করা হয়। সেইসাথে বাড়ির চারপাশে ফলের গাছ ও সবজি চাষ করার পরামর্শ প্রদান করা হয়। মাঠ পর্যায়ে ক্লাইমেট চেঞ্জ এডাপটেশন গ্রুপ নামে ১০০টি দল গঠনের মাধ্যমে উক্ত কার্যক্রমগুলো সম্পাদন করা হয়।

# পদক্ষেপ এর ক্ষুদ্রঋণ কার্যক্রমে আরও নতুন ১৭টি ব্রাঞ্চের শুভ উদ্বোধন



দারিদ্র্য বিমোচন ও কর্মসংস্থান সৃষ্টিতে ক্ষুদ্রঋণের অবদান আজ বিশ্বব্যাপী স্বীকৃত। পদক্ষেপ দেশের শীর্ষ অর্থায়নকারী প্রতিষ্ঠান পিকেএসএফ এর অন্যতম সহযোগী সংস্থা হিসেবে সমাজের অবহেলিত গরিব ও দুস্থ জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আয় বৃদ্ধির জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করছে। ক্ষুদ্রঋণ এবং এর ধারাবাহিকতায় সৃষ্ট ঋণের যথাযথ ব্যবহার করে অনেকেই দারিদ্র্যের অভিশাপ থেকে মুক্ত হবার পাশাপাশি নিজের এবং অন্যদের কর্মসংস্থান সৃষ্টির দৃষ্টান্ত স্থাপন করছে। দেশব্যাপী দরিদ্র জনগোষ্ঠীর দোরগোড়ায় ব্যাংকিং সুবিধা পৌঁছে দেয়া ও পুঁজির ঘাটতি পূরণ করা, আয়বর্ধনমূলক কর্মকাণ্ডে দরিদ্রদেরকে আগ্রহী করে তোলা, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং নতুন উদ্যোক্তা গড়ে তোলার ক্ষেত্রে পদক্ষেপ এর ক্ষুদ্রঋণ কার্যক্রম গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।



বর্তমানে দেশের প্রায় সব জেলায় পদক্ষেপ তার ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ করেছে। এরই ধারাবাহিকতায় সম্প্রতি জুন ২০২২ মাসে আরও নতুন ১৭টি ব্রাঞ্চে ক্ষুদ্রঋণ কার্যক্রমের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়। ব্রাঞ্চগুলো হলো, ঢাকা জোনের নরসিংদি এরিয়ার বাবুরঘাট ব্রাঞ্চ ও নরসিংদি এরিয়ার আড়াইহাজার ব্রাঞ্চ, ময়মনসিংহ জোনের নেত্রকোনা এরিয়ার কিশোরগঞ্জ ব্রাঞ্চ, রংপুর জোনের পলাশবাড়ি এরিয়ার আদমদীঘি ব্রাঞ্চ ও পলাশবাড়ি এরিয়ার দুপচাচিয়া ব্রাঞ্চ, ফরিদপুর জোনের ফরিদপুর এরিয়ার চড়ভদ্রাসন ব্রাঞ্চ, যশোর জোনের ঝিনাইদহ এরিয়ার মহেশপুর ব্রাঞ্চ, রাজশাহী জোনের পুঠিয়া এরিয়ার বনপাড়া ব্রাঞ্চ, পটুয়াখালী জোনের পটুয়াখালী এরিয়ার দুমকি ব্রাঞ্চ, ভোলা জোনের লালমোহন এরিয়ার শশিভূষন ব্রাঞ্চ, বি-বাড়িয়া জোনের সুনামগঞ্জ এরিয়ার শান্তিগঞ্জ ব্রাঞ্চ, ফেনী এরিয়ার বুড়িচং ব্রাঞ্চ, বি-বাড়িয়া সদর এরিয়ার কসবা ব্রাঞ্চ ও নন্দনপুর ব্রাঞ্চ, চট্টগ্রাম দক্ষিণ জোনের কক্সবাজার এরিয়ার উখিয়া ব্রাঞ্চ, চট্টগ্রাম উত্তর জোনের খাগড়াছড়ি এরিয়ার শান্তিনগর ব্রাঞ্চ ও রাঙ্গুনিয়া এরিয়ার রাঙ্গামাটি মহিলা ব্রাঞ্চ। উদ্বোধনী অনুষ্ঠানে পদক্ষেপ এর সংশ্লিষ্ট জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজারবৃন্দ, জোনের সিনিয়র ব্যবস্থাপকবৃন্দ (এডমিন ও একাউন্টস), এরিয়া ও ব্রাঞ্চ ম্যানেজারবৃন্দ এবং অন্যান্য কর্মীবৃন্দ, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর, ঈমাম, শিক্ষক, এনজিও প্রতিনিধি, ব্যাংক কর্মকর্তা, বিশিষ্ট ব্যবসায়ীবৃন্দ, পুলিশ প্রসাশন এবং স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দোয়া মাহফিলের পরে সদস্যের মাঝে ঋণ বিতরণ করা হয়।

# অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



গত ২৪ জুন দিনাজপুরে এবং ২৬-২৮ জুন ২০২২ তারিখে রংপুরে পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসার প্রকল্পের অনলাইন মার্কেটিং বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় প্রশিক্ষণটিতে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা ইনডিসপ্রো এর সিইও জনাব এম তৌফিকুল আরাফাত। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন দারাজ এর কার্যনির্বাহী জনাব মোঃ মাজেদুল ইসলাম এবং প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। প্রশিক্ষণটিতে ডেমো হিসেবে একাউন্ট খোলা, পোস্ট, লোগো ইত্যাদি হাতে কলমে দেখানো হয়। প্রশিক্ষণে দারাজ এর প্রতিনিধি সকল উদ্যোক্তাদের অনলাইন মার্কেটিং এর জন্য উৎসাহিত করেন এবং দারাজে সেলার হিসেবে আহবান জানান। তিনি দারাজে সেলার হিসেবে উদ্যোক্তা হওয়ার জন্য দারাজের শর্তাবলী ও সুযোগ সুবিধা সম্পর্কে আলোচনা করেন। সমাপনী অধিবেশনে মার্কেটিং অফিসার মোঃ মাকসুদুর রহমান উপস্থিত সকল উদ্যোক্তাদেরকে বলেন, টেকসই উন্নয়নের জন্য 'পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্পের প্রসারে' পণ্য বিপননের ক্ষেত্রে প্রযুক্তিগত ব্যবহারের মাধ্যমে আর্থিক অবস্থা পরিবর্তনের পাশাপাশি পরিবেশগত সর্বাধিক সাহায্য প্রদানের মাধ্যমে নিরলসভাবে কাজ করে যাচ্ছে পদক্ষেপ।

# ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য পরিবেশ সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ



গত ২৩ জুন ২০২২ তারিখে পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পটি বিশ্ব ব্যংক ও পিকেএসএফএর সহায়তায় পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র বাস্তবায়ন করছে। প্রশিক্ষণটি রংপুর জেলা স্কাউট হলরুম এ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তারা অংশগ্রহন করেন। প্রশিক্ষণটি পরিচালনা করেন এনভায়রণমেন্ট অফিসার মৌসুমি কর এবং সঞ্চালনা করেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। প্রশিক্ষণে সকল অংশগ্রহণকারীকে ধন্যবাদ জানিয়ে তিনি নিরাপদ খাদ্যের গুরুত্ব উল্লেখ করে পরিবেশ সম্মত উপায়ে কিভাবে নিরাপদ খাবার তৈরি করা যায় সে বিষয়ে বেশ কিছু ধারণা প্রদান করেন। সেইসাথে সবাইকে নিরাপদ খাবার প্রস্তুত ও পরিবেশন করার আহ্বান জানানো হয়। এছাড়া প্রশিক্ষণের পরিবেশের বিভিন্ন বিষয় নিয়ে এবং পরিবেশগত চর্চা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে আলোচনাটি সম্পন্ন হয়।

# বিশ্ব নিরাপদ খাদ্য দিবস উপলক্ষ্যে পরিবেশ ও নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে উদ্যোক্তাদের মাঝে উপকরণ বিতরণ



"নিরাপদ খাবার সবার অধিকার" এই স্লোগানকে সামনে রেখে গত ৭ জুন ২০২২ তারিখ পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ওয়ার্ল্ড ব্যাংক এর আর্থিক সহায়তায় পরিচালিত পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতাধীন প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রজেক্ট থেকে বিশ্ব নিরাপদ খাদ্য দিবস ২০২২ উদযাপন করা হয়। অনুষ্ঠানের শুরুতেই স্বাগত বক্তব্য রাখেন সংস্থার প্রোগ্রাম উইং এর উপ-পরিচালক জনাব মো: আনিস হোসেন চৌধুরী। উপকরণ সমূহের যথাযথ ব্যবহারবিধি নিয়ে আলোচনা করেন প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দিকা। অংশগ্রহণকারীরা সকলে উন্মুক্ত আলোচনায় অংশ নেন। আলোচনা শেষে উদ্যোক্তাদের মাঝে কর্মক্ষেত্রে উৎপাদিত বর্জ্য সঠিক ভাবে সংরক্ষণের জন্য তিন ধরণের ডাস্টবিন, মাছ-মাংস ও সবজি-সালাদ কাটার জন্য আলাদা আলাদা চপিং বোর্ড ও ছুরি, ফাস্ট এইড বক্স, কর্মীদের পরিষ্কার পরিচ্ছন্ন থাকার জন্য হ্যান্ড গ্লোভস, এ্যাপ্রন, মাস্ক, হেয়ার ক্যাপ এবং নিরাপদ খাবারের ১২টি মূলনীতি সম্বলিত ডিসপ্লে বোর্ড বিতরণ করা হয়। এ বছর দিবস উপলক্ষে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রকাশিত এক প্রতিবেদনে বলা হয়েছে, "বিশ্বব্যাপী প্রতি দশজনের মধ্যে একজন খাদ্যবাহিত রোগে আক্রান্ত। নিরাপদ খাদ্য সুস্বাস্থ্যের উৎস হলেও অনিরাপদ খাদ্য অনেক রোগের কারণ"।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর মানব সম্পদ ও প্রশাসন বিভাগের উপ-পরিচালক জনাব মো: সাইয়েদুল ইসলাম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পদক্ষেপ এর অডিট বিভাগের উপ-পরিচালক জনাব মো: সারোয়ার মৃধা, মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের উপপরিচালক জনাব মোহাম্মদ রাকিবুল হাসান এবং সিনিয়র সহকারী পরিচালক জনাব মো: জাহাঙ্গীর হোসেন, জনাব আবুল কালাম আজাদ, জনাব আবুল বাশার, কামরুল ইসলাম মারুফ প্রমূখ। এছাড়াও উক্ত প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং ঢাকার মিরপুর ও মোহাম্মদপুর এলাকার উদ্যোক্তাগণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

# পরিবেশ সচেতনতা বিষয়ক সেমিনার



ক্ষুদ্র উদ্যোক্তাদের মধ্যে পরিবেশগত সচেতনতা বৃদ্ধি এবং কিভাবে পরিবেশকে রক্ষার উপর কাজ করা যায় সে বিষয়গুলোকে সামনে রেখে গত ১৬ জুন ২০২২ তারিখে একটি সেমিনারের আয়োজন করা হয়। পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস এর আওতায় দিনব্যাপী সেমিনারটি রংপুর জেলার হোটেল ওয়েস্টার্ণ কুইজিন এ অনুষ্ঠিত হয়। সেমিনারে রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তারা অংশগ্রহণ করেন। সেমিনারটি পরিচালনা করেন প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর। তিনি হোটেলের জন্য নিরাপদ খাবারের প্রয়োজনীয়তা, পরিচ্ছন্ন পরিবেশ'সহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, আমরা যদি বাইরে খাওয়ার সিদ্ধান্ত নেই তাহলে বড় হোটেল ছাড়া যেতে পারি না, কারন সব হোটেলের পরিবেশ এক রকম নয় । সুতরাং আমাদের সচেতনতা বাড়াতে হবে যাতে আমরা আমাদের খাবারের জন্য একটি নিরাপদ পরিবেশ তৈরী করতে পারি। এতে শহরবাসী অনেক উপকৃত হবে এবং আমরা যারা এই ব্যবসার সাথে জড়িত, তাদের ব্যবসারও উন্নতি হবে। প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠানে টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায় সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, পরিবেশ সংক্রান্ত আলোচনার পাশাপাশি আমাদের পরিবেশ কার্ডের অনুশীলন ও প্র্যাকটিসগুলো সঠিকভাবে পালন এবং সে অনুযায়ী কাজ পরিচালনা করতে হবে।

# বিশ্ব পরিবেশ দিবস উদযাপন



'একটাই পৃথিবী, প্রকৃতির ঐকতানে টেকসই জীবন' এই প্রতিপাদ্যকে সামনে রেখে পদক্ষেপ ঢাকা এবং রংপুর প্রকল্প এলাকায় গত ৫ জুন ২০২২ তারিখে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করেছে। বিশ্ব ব্যাংক ও পল্লী কর্মসহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তক বাস্তবায়িত সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্প দিবসটি পালন করে। রংপুরে পরিবেশ দিবস উপলক্ষ্যে র‌্যালির আয়োজন করা হয়। র‌্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‌্যালীতে অংশগ্রহণ করেন রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তা, শাখা ব্যবস্থাপক, এরিয়া ম্যানেজার এবং প্রজেক্টের কর্মকর্তাবৃন্দ। র‌্যালীটি পরিচালনা করেন রংপুর জোনের সহকারী পরিচালক ও জোনাল ম্যানেজার জনাব মো: মোস্তাফিজুল গনি । র‌্যালি শেষে রংপুর জেলা প্রশাসন কার্যালয়ে পরিবেশ বিষয়ক আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ করা হয়। পরে ''বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ'' এই প্রতিপাদ্যকে সামনে রেখে রংপুরের বিভিন্ন স্থানে ফলজ, বনজ ও ঔষধী গাছ রোপন করা হয়।



অন্যদিকে ঢাকায় মিরপুর এবং মোহাম্মপুরে ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে মিরপুরে পরিবেশ ক্লাবের আয়োজনে পরিবেশ দিবস উপলক্ষে একটি সভার আয়োজন করা হয়। সভায় পরিবেশ এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করেন প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দিকা। তিনি বলেন পরিবেশ সুরক্ষায় প্রয়োজন সচেতনতা আর সচেতনতার মাধ্যমে আমরা প্রকৃতি ও পরিবেশকে সুন্দর রাখতে পারি। এর ফলে বাঁচবে পৃথিবী, বাঁচবে মানবজাতি। আর এর জন্য প্রয়োজন পরিবেশবান্ধব চিন্তা-চেতনা। পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর বলেন আমাদের চারপাশের পরিবেশকে পরিস্কার ও সবুজ রাখার দায়িত্ব সবার। তাই 'একটাই পৃথিবী' আসুন সবাই মিলে এর যত্ন নিই। 'গাছ লাগান পরিবেশ বাঁচান'- এই হোক আমাদের প্রাণের শ্লোগান এই আশাবাদ ব্যক্ত করে আলোচনা সভার সমাপ্তি ঘোষনা করেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার।

# প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের পরিবেশ ক্লাব ও সভা



গত ২০ জুন ২০২২ তারিখে রংপুর সদর ও সিও বাজার শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে একটি পরিবেশ ক্লাব ও সভা অনুষ্ঠিত হয়। সভাটি জেলা স্কাউটস কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সাবান ফ্যাক্টরি এর স্বত্ত্বাধীকারী মো: আরিফ হোসেন এবং পরিচালনা করেন এনভায়রনমেন্ট অফিসার মৌসুমী কর। পদক্ষেপ এর প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের আওতায় সাবান তৈরীর ফ্যাক্টরি ও পরিবেশ বিষয়ক বিভিন্ন আলোচনা করা হয়। সভায় পোড়া তেল ফেলে না দিয়ে তা সংগ্রহ করে সাবান তৈরীর করার বিষয়ে সকলকে উদ্বুদ্ধ করা হয়। প্রকল্পটি বিশ্ব ব্যংক ও পিকেএসএফএর সহায়তায় পদক্ষেপ বাস্তবায়ন করছে। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়, ডকুমেন্টেশন ও মনিটরিং অফিসার মোস্তাফিজার রহমান প্রমুখ।

# খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধির উপর প্রশিক্ষণ



পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে সম্প্রতি খাদ্য নিরাপত্তা ও স্বাস্থ্যবিধি সংক্রান্ত কাজের উপর একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। গত ৯ জুন ২০২২ তারিখে ঢাকার মিরপুর ও মোহাম্মদপুর কর্ম এলাকার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পদক্ষেপ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) সেন্টারে অনুষ্ঠিত প্রশিক্ষণে স্বাগত ও শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন প্রকল্প ব্যবস্থাপক জনাব আয়শা সিদ্দীকা। তিনি প্রকল্পের উদ্দেশ্য ও লক্ষ্য বর্ণনা করেন, সেইসাথে পরিবেশগত উন্নয়নমূলক চর্চাগুলো সঠিকভাবে পালনে এবং খাদ্য উৎপাদন থেকে শুরু করে খাদ্য পরিবেশন, স্বাস্থ্য সুরক্ষা, নিরাপদ পানির ব্যবহার, সঠিক তাপমাত্রায় খাবার সংরক্ষণ করা, নিরাপদ খাদ্য বিক্রয় করা ইত্যাদি বিষয়ে দিকনির্দেশনা ও পরামর্শ দেন। কর্মক্ষেত্রে নিরাপত্তা, স্বাস্থ্য সুরক্ষা এবং স্বাস্থ্যবিধির উপর অনুষ্ঠিত প্রশিক্ষণগুলোতে স্বাস্থ্যসম্মত উপায়ে খাদ্য প্রস্তুত, সংরক্ষণ ও নিরাপদ খাদ্য সম্পর্কিত বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন টেকনিক্যাল অফিসার লিভা আক্তার । পরিবেশগত উন্নয়নের জন্য ক্ষুদ্র উদ্যোক্তাদের পরিবেশচর্চা বৃদ্ধি ও পরিবেশ সম্মত উপায়ে খাদ্য ব্যবস্থাপনা এবং হোটেল/ রেস্টুরেন্ট এ সৃষ্ট বর্জ্য কিভাবে সঠিকভাবে সংরক্ষণ করা যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর।

# খাদ্য প্রক্রিয়াকরণ ও ব্যবস্থাপনা বিষয়ে শেফদের প্রশিক্ষণ



গত ১৮ জুন ২০২২ তারিখে পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব শেফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের আওতায় রংপুর সদর ও সিও বাজার শাখার কর্মএলাকার উদ্যোক্তাদের নিয়ে "Training of chef on food processing and management" বিষয়ে একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। রংপুরের প্রশিক্ষণে রংপুর পর্যটন মোটেলের প্রধান শেফ জনাব মো: মোখলেছুর রহমান প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন। রংপুরের ওয়েস্টার্ন কুইজিনের প্রশিক্ষণটি ২টি পর্বে অনুষ্ঠিত হয়। প্রথম পর্বটি পরিচলনা করেন টেকনিক্যাল অফিসার ননী গোপাল রায়। তিনি শুরুতেই প্রকল্পের পরিচিতি, প্রশিক্ষণের উদ্দেশ্য বর্ণনা করেন। দ্বিতীয় পর্বে প্রশিক্ষক জনাব মো: মোখলেছুর রহমান হাতে কলমে ৮টি মজাদার খাবার তৈরী করে পরিবেশন করেন। তিনি খাদ্য প্রক্রিয়ার বিভিন্ন দিক নিয়ে বলেন, খাবার তৈরীর আগে আপনার ব্যাক্তিগত পরিস্কার পরিচ্ছন্নতা অনেক বেশি জরুরী। কারন আপনি নিজে যখন পরিচ্ছন্ন থাকবেন আপনার ব্যসাও অনেক ভালো চলবে। তাই আজকে আমরা শুধু বলবই না আপনাদেরকে করেও দেখাবো। আমি যা করব তা আপনাদেরকে আরও ভালভাবে জানার জন্য প্রশ্ন করে জেনে নিতে হবে। আপনারা আমার সাথেও কাজ করবেন তাহলে জানাটা আরও ভাল হবে।

# রাজশাহীতে এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পের সেবা কেন্দ্র উদ্বোধন ও এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত










পদক্ষেপ ঢাকা, পটুয়াখালী, চট্টগ্রাম ও রাজশাহী এই ৪টি জেলাতে এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় ঢাকাস্থ আমীন বাজার ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল, পটুয়াখালী মেডিকেল কলেজ, চট্টগ্রাম জেনারেল হাসপাতাল এবং বক্ষব্যধি হাসপাতাল রাজশাহীতে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য স্বাস্থ্য সেবা কেন্দ্র স্থাপন করা হয়েছে। এরই ধারাবাহিকতায় গত ৭ জুন ২০২২ তারিখে রাজশাহী বক্ষব্যাধী হাসপাতালে পদক্ষেপ কর্তৃক স্থাপিত স্বাস্থ্য সেবা কেন্দ্রের আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন হাসপাতালের সুপারিনটেনডেন্ট ও সহকারী পরিচালক ডাঃ মোঃ মজিবুর রহমান। প্রধান অতিথি হিসেবে রাজশাহী জেলার সিভিল সার্জন ডা: আবু সাঈদ মোহাম্মদ ফারুক এবং বিশেষ অতিথি হিসেবে পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপপরিচালক জনাব মনিরুজ্জামান সিদ্দীক উপস্থিত ছিলেন।

এছাড়া গত ৮ জুন ২০২২ তারিখে বক্ষব্যাধী হাসপাতালের সুপারিনটেনডেন্ট ও সহকারী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে হাসপাতালের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে একটি এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার মাধ্যমে হাসপাতালে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীরা হাসপাতালে স্থাপিত স্বাস্থ্য কেন্দ্র ও প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত হয়। সভার শুরুতে প্রকল্পের টিম লিডার সৈয়দ আনোয়ার হোসেন প্রকল্পের সার্বিক কার্যক্রমের বিস্তারিত বিবরণ তুলে ধরেন। সভাপতি মহোদয় ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর স্বাস্থ্য সুরক্ষার ক্ষেত্রে পদক্ষেপ এর গৃহীত ভূমিকার প্রশংসা করেন। তিনি প্রকল্পের সার্বিক উন্নয়নে পদক্ষেপকে প্রয়োজনীয় সকল ধরনের সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। পরে পদক্ষেপ এর এইচআইভি প্রকল্পের আওতায় রাজশাহী বক্ষব্যধি হাসপাতালে এয়ারকন্ডিশন এবং টিভি প্রদান করা হয়। হাসপাতালের সুপারিনটেনডেন্ট ও সহকারী পরিচালক মহোদয়ের নিকট প্রকল্পের টিম লিডার জনাব সৈয়দ আনোয়ার হোসেন এয়ারকন্ডিশন এবং টিভি হস্তান্তর করেন। উল্লেখ্য, গত ২৫ মে ২০২২ তারিখ থেকে উক্ত কেন্দ্রটিতে স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে পদক্ষেপ।

অপরদিকে গত ৯ জুন ২০২২ তারিখে পটুয়াখালী মেডিকেল কলেজে আরও একটি এ্যাডভোকেসি সভা অনুষ্ঠিত হয়। সভায় পটুয়াখালী মেডিকেল কলেজের সুপারেনটেনডেন্ট ডাঃ আব্দুল মতিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সভায় হাসপাতালের ডাক্তার, কর্মকর্তাগণ এবং প্রকল্পের পটুয়াখালীস্থ সকল কর্মীগণ উপস্থিত ছিলেন। প্রকল্পের কোয়ালিটি অ্যাসুরেন্স কোঅর্ডিনেটর ডাঃ ইউসুফ নবী পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন এবং প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। প্রধান অতিথীর বক্তব্যে ডাঃ মতিন পদক্ষেপ এর কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করেন।

# পদক্ষেপ কর্তৃক বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি ২০২২ ঘোষণা

সম্প্রতি সংস্থার সাথে সম্পৃক্ত সদস্য এবং সকল পর্যায়ে কর্মরত কর্মী/কর্মকর্তাদের মেধাবী সন্তানদেরকে 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি-২০২২ এর নামের তালিকা ঘোষণা করা হয়েছে। 'বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি' কার্যক্রম এর আওতায় শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তি কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক কমিটির সুপারিশক্রমে এবং নির্বাহী পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এবছর ৮ জনকে বৃত্তির জন্য চুড়ান্তভাবে মনোনীত করা হয়। বঙ্গবন্ধু উচ্চশিক্ষা বৃত্তির জন্য মনোনীত প্রত্যেক শিক্ষার্থীকে এককালীন ১০ হাজার টাকা এবং প্রতিমাসে জন প্রতি ৩ হাজার টাকা করে শিক্ষাবৃত্তি প্রদান করা হয় যা তাদের চলমান ডিগ্রী শেষ না হওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। এ বছর ১৬ জন শিক্ষার্থীকে সর্বমোট ৪.৪০ লক্ষ টাকা প্রদান করা হবে, যা আগামী মাসে তাদের স্ব স্ব ব্যক্তিগত ব্যাংক একাউন্টে দেয়া হবে। এবছর বৃত্তিপ্রাপ্তরা হলো, চট্টগ্রাম উত্তর জোন থেকে প্রথম দফায় মেমোরী চাকমা (সমাজ বিজ্ঞান, ঢা.বি), আজিজা বিনতে করিম স্নেহা (এমবিবিএস, রা.মে.ক), নিপা আক্তার (ম্যানেজমেন্ট, রা.বি.প্র.বি), ইভা আজমী (ফার্মেসী, চ.বি); দ্বিতীয় দফায় আইরিশ চাকমা (উদ্যানতত্ব, শে.বা.কৃ.বি), যশোর জোন থেকে প্রথম দফায় মোঃ রুমনুজ্জামান (ইসিই, খ.প্র.প্র.বি), সাদিয়া আফরোজ (বোটানী, জ.বি), অভিষেক সরকার (পুর কৌশল, খু.প্র.প্র.বি), দ্বিতীয় দফায় মুমতাহমিনা মিম (সিভিল ইঞ্জিনিয়ারিং, বা.প্র.বি), মোসাঃ মাহবুবা সুলতানা লুনা (ইসিই, খু.বি), শান্তা ইসলাম (এগ্রি বিজনেস ম্যানেজমেন্ট, শে.কৃ.বি)। রংপুর জোন থেকে প্রথম দফায় মোছাঃ আফরোজা আক্তার আলো (গণিত, রা.বি), দ্বিতীয় দফায় রিফাত নুর মোহনা (অর্থনীতি, ঢা.বি), ময়মনসিংহ জোন থেকে দ্বিতীয় দফায় মনিরা আক্তার (রাষ্ট্র বিজ্ঞান, ঢা.বি), মোঃ রোকনুজ্জামান রনি (কৃষি অনুষধ, বা.কৃ.বি), রাজশাহী জোন থেকে দ্বিতীয় দফায় মোঃ রকিবুল ইসলাম (ইন্টারন্যাশ্যানাল বিজিনেজ, ঢা.বি)।

# পরিবেশবান্ধব বৈচিত্রময় হস্তশিল্প প্রকল্পের পরিবেশ ক্লাবের সভা





পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর পরিবেশবান্ধব বৈচিত্রময় হস্তশিল্প উপপ্রকল্পের পরিবেশ ক্লাবের ৪টি মাসিক সভা অনুষ্ঠিত হয়। গত ৫, ১১, ১৬ ও ২৮ জুন ২০২২ তারিখে রংপুর সদর উপজেলা, কাউনিয়া উপজেলা, দিনাজপুর সদর ও ঘোড়াঘাট উপজেলায় অনুষ্ঠিত সভায় প্রধান আলোচ্য বিষয় ছিল "টেকসই উন্নয়নের জন্য পরিবেশগত অনুশীলনের মাধ্যমে উদ্যোক্তাদের পরিবেশ উন্নয়নে অংশগ্রহণমূলক অংশীদারিত্ব নিশ্চিত করা"। সভায় পরিবেশ দূষণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। সেইসাথে নিরাপদ কর্মপরিবেশ রক্ষার্থে সচেতনতা বৃদ্ধি ও দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করা হয়। সভায় টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে বৈচিত্র্যময় পণ্য তৈরীতে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরুত্বারোপ করা হয়। এছাড়া পরিবেশ উন্নয়নে উদ্যোক্তাদের অধিক হারে অংশগ্রহণ নিশ্চিত করা এবং পরিবেশ দূষণ রোধে সকল শ্রেণীর মানুষকে এগিয়ে আসার আহবান জানানো হয়। সভা শেষে প্রতিটি এলাকার উদ্যোক্তাদের মাঝে গাছের চারা বন্টন করা হয় এবং বিভিন্ন স্কুল ও কলেজে বেশ কিছু গাছের চারা রোপনও করা হয়। অনুষ্ঠানে অন্যানের মধ্যে উপস্থিত ছিলেন প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, এলাকার ইমাম, শিক্ষক, শিক্ষার্থী ও উদ্যোক্তাবৃন্দ এবং পদক্ষেপ এর সংশ্লিষ্ট ব্রাঞ্চের ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

# দিনাজপুর ও রংপুরে পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের 'মার্কেট লিঙ্কেজ' ওয়ার্কশপ অনুষ্ঠিত






গত ১৩ জুন রংপুর সদরে এবং ১৫ জুন ২০২২ তারিখে দিনাজপুর সদরে বিশ্ব ব্যাংকের অর্থায়নে এবং পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প উপপ্রকল্পের বাজার ব্যবস্থাপনার উপর ইনপুট সেলার, বায়ার ও রিটেইলারদের সাথে ২টি 'মার্কেট লিঙ্কেজ' ওয়ার্কশপের আয়োজন করা হয়। ওয়ার্কশপের মূল উদ্দেশ্য ছিল উদ্যোক্তাদের বিপণন বৃদ্ধি, অন্যান্য ইনপুট সেলার, ট্রেডার্স এবং সরকারী অধিদপ্তরের সাথে যোগাযোগ উন্নয়ন এবং যারা উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও ক্রয় করেন তাদের মধ্যে বি টু বি লিংকেজ করা। ওয়ার্কশপ দুইটিতে ক্ষুদ্র উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য প্রদর্শন ও বিক্রয় করা হয়। ওয়ার্কশপে প্রায় ১১ হাজার টাকার পণ্য বিক্রয় হয় এবং নতুন করে আরও পণ্য ক্রয়াদেশ প্রদান করা হয়। ওয়ার্কশপে পরিবেশ অধিদপ্তর, বিসিক ও বিভিন্ন ইনপুট সেলার, প্রকল্পের বিভিন্ন কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

# ক্ষুদ্র উদ্যোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ





গত ৩০ জুন ২০২২ তারিখে পদক্ষেপ এর সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপপ্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের ঢাকার মোহাম্মদপুর এবং মিরপুর শাখার আওতাধীন ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক একটি প্রশিক্ষণের আয়োজন করে হয়। পদক্ষেপ ইন্সটিটিউট অব ডেভেলপমেন্ট এ্যান্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এ অনুষ্ঠিত প্রশিক্ষণের শুরুতে স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রাথমিক আলোচনা, পাওয়ার পয়েন্ট পেজেন্টশন এবং পরবর্তীতে সেশনে হাতে কলমে প্রশিক্ষণ প্রদান করেন ঢাকা মিরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স এর সহকারী প্রশিক্ষক জনাব মো: শরিফুল ইসলাম ও ফায়ার ফাইটার জনাব সিফাতউল্লাহ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য এবং প্রকল্পে লক্ষ্য ও উদ্দেশ্য বর্ণনা করেন প্রজেক্ট ম্যানেজার জনাব আয়শা সিদ্দিকা। পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর উপ পরিচালক জনাব মো: মনিরুজ্জামান সিদ্দিক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্থার মানব সম্পদ ও প্রশাসন বিভাগের উপ পরিচালক জনাব মো: সাইয়েদুল ইসলাম। আলোচনার মাধ্যমে উদ্যোক্তারা জানতে পারেন, আগুন কি, কিভাবে আগুনের সঠিক ব্যবহার করা যায়, কোথাও আগুন লাগলে কি করণীয়, আগুনে পুড়ে যাওয়ার ভয়াবহতা ও ক্ষতিকর দিক, কিভাবে আগুন থেকে নিরাপদ থাকা যায়, কর্মস্থলে হঠাৎ অগ্নি দূর্ঘটনা ঘটলে কিভাবে হাতের কাছে থাকা উপকরণ ব্যবহার করে তা নিয়ন্ত্রণ করা যায়, কিভাবে ক্ষয়ক্ষতির পরিমাণ কমানো যায়, ফায়ার এক্সটিংগুইশার/অগ্নি নির্বাপক যন্ত্র ব্যবহারের নিয়ম, বালি ও পানি ব্যবহার করে কিভাবে আগুন নিয়ন্ত্রণ করা যায় ইত্যাদি।



প্রশিক্ষণে বক্তারা বলেন, অসাবধানতাই অগ্নিকান্ডের প্রধান কারণ। তাই অগ্নি প্রতিরোধে সচেতনতার কোন বিকল্প নেই। সবাইকে নিজ নিজ অবস্থানে সর্বোচ্চ সচেতন হতে হবে। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স হতে অগ্নি প্রতিরোধ, অগ্নি নির্বাপণ, উদ্ধার ও প্রাথমিক চিকিৎসা বিষয়ে মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। পাশাপাশি ফায়ার সার্ভিসের সহায়তায় নিয়মিত মহড়ার আয়োজন করতে হবে। বাসগৃহ, কলকারখানা ও ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নি নির্বাপণী যন্ত্রপাতি স্থাপন এবং প্রয়োজনের মুহূর্তে তা ব্যবহার করা, আগুন লাগলে ৯৯৯ নম্বরে কল করে ফায়ার সার্ভিসের সেবা গ্রহণ ইত্যাদি প্রয়োজনীয় বিষয়গুলো মেনে চলা খুবই গুরুত্বপূর্ণ। মূলত যে সকল কারণে অগ্নিকান্ডের সৃষ্টি হয় সে সব কারণ থেকে সাবধানতা অবলম্বন করতে হবে। আলোচনা শেষে হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের জন্য পিআইডিএম অফিসের সামনে একটি মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় মিরপুর ফায়ার সার্ভিস এর একটি দক্ষ কর্মীবাহিনী বিভিন্ন অগ্নিনির্বাপক কৌশল প্রদর্শন করেন এবং উদ্যোক্তারা তা বাস্তবে অনুশীলন করেন। উক্ত প্রশিক্ষণ অনুষ্ঠানটিতে সার্বিকভাবে সহযোগিতা করেন প্রকল্পের টেকনিক্যাল অফিসার লিভা আক্তার, পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর, একাউন্স ও প্রকিউরম্যান্ট অফিসার মো: রফিকুল ইসলাম প্রমুখ।

## জুন মাসে প্রশিক্ষণ পেয়েছে ১০৫ জন

জুন ২০২২ মাসে পদক্ষেপ এর অভ্যন্তরীণভাবে ২৩ জন পদোন্নতিপ্রাপ্ত ব্রাঞ্চ ম্যানেজারকে "ব্যবস্থাপনা ও নেতৃত্ব উন্নয়ন" বিষয়ে ও ৪৮ জন প্রকল্প সংশ্লিষ্ট জেডএম, এএম ও বিএমকে Orientation on ``BD Rural Wash for HCD" Project বিষয়ে এবং ৩১ জনকে প্রধান কার্যালয়ের সিনিয়র ব্যবস্থাপক, ব্যবস্থাপক, অফিস সহকারীগণকে ক্ষুদ্র উদ্যোক্তাদের জন্য স্বাস্থ্য ঝুঁকি ও অগ্নি নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বহি: উৎস হতে পদক্ষেপ এর ১ জন সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব)কে Decision Making Through Financial Stability বিষয়ে এবং ২ জন সিনিয়র ব্যবস্থাপক ও ব্যবস্থাপকপকে Human Resource Management এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ১,১২৪ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারী প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় জুন ২০২২ মাসে পদক্ষেপ'সহ ২০টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ১,১২৪ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৯টি মিটিং ও ১৭টি প্রশিক্ষণ ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

## এ মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ৫৬৩টি

জুন ২০২২ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ৫৬৩ জন গ্রাহককে ২.৪৩ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫৪,৪৫৩ জন গ্রাহককে ৪৯০.২৭ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ ও রিয়া'সহ মোট ২৮টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

## এ মাসে ৬৯ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

জুন ২০২২ মাসে পদক্ষেপ এর ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম পদে ৬১ জন এবং অফিস সহকারী পদে বরিশাল সদর ব্রাঞ্চে ১ জন, বৈঠাকাটা-১, বরগুনা সদর-১, পটুয়াখালী সদর-১, বাউফল-১ ও টেকেরহাট ব্রাঞ্চে ১ জনকে নিয়োগ দেয়া হয়েছে। পাশাপাশি এসটিআই/এইচআইভি প্রিভেনশন সার্ভিস প্রকল্পে পিয়ার এডুকেটর পদে চট্টগ্রামে ১ জন, এবং ''আরবান প্রাইমারী হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারী" প্রকল্পে নার্স পদে ১ জনকে নিয়োগ দেয়া হয়েছে।

## কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

জুন ২০২২ মাসে সিপিএফ হতে ৪৯ জন কর্মীকে ২৭,৩৪,৭৯১/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৫২ জন কর্মীকে ১,৫৬,৩০০/- টাকা ফেরত প্রদান করা হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ৭৯ জনকে ২১,৬৯,৭৫৪/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৫৩ জনকে ১০,৩৭,৭৬৯/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

পাবলিকেশন ও ডকুমেন্টেশন সেকশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।

বাড়ী নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন : ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স : ৮৮-২-৯১৩৭৩১০
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org